

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 27-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Republic day, National:**

গতকাল ৭৬তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নতুনদিল্লিতে কর্তব্য পথ থেকে নেতৃত্ব দেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন। কুচকাওয়াজে প্রধান অতিথি ছিলেন ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রবোও সুবিয়ানতো। এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতীয় যুদ্ধ স্মৃতিসৌধে গিয়ে পুষ্পস্তবক অর্পণ করে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

কুচকাওয়াজে ট্যাঙ্ক T-90 (ভীষ্ম), NAG মিসাইল সিস্টেমের সঙ্গে BMP-2 শরথ, ব্রহ্মোস সহ দেশের বিভিন্ন সামরিক সরঞ্জাম প্রদর্শন করা হয়।

বিভিন্ন রাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চল এবং কেন্দ্রীয় সরকারের মন্ত্রক ও বিভাগ থেকে "স্বর্ণিম ভারত: বিরাসত অউর বিকাশ," শীর্ষক বর্ণাঢ্য কুচকাওয়াজে একত্রিশটি ট্যাবলু অংশ নেয়।

উল্লেখ্য, দেশ ও সমাজ গঠনে অবদানের জন্য অনুষ্ঠানটি প্রত্যক্ষ করতে সরকারের বিশেষ অতিথি হিসেবে গ্রামের সরপঞ্চ, হস্তশিল্প ও তাঁত কারিগর, স্বসহায়ক দলের সদস্য, আশা ও অঙ্গনওয়াড়ি কর্মী, রাস্তা নির্মাণ কর্মী সহ ৩৪টি বিভাগে দশ হাজার জনকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছিল। এরমধ্যে ত্রিপুরার ৯৫ জনও রয়েছেন।

\*\*\*\*\*

**Republic Day- Governor:**

রাজ্যেও গতকাল নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৬তম প্রজাতন্ত্র দিবস যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। আগরতলার আসাম রাইফেলস ময়দানে আয়োজিত মূল অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু জাতীয় পতাকা উত্তোলন, সমবেত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন।

রাজ্যপাল সমাজের সকল অংশের মধ্যে শান্তি ও সৌভ্রাতৃত্বের পরিবেশ অটুট রেখে দেশের ঐক্য ও অখণ্ডতা রক্ষার জন্য সবাইকে অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, কেন্দ্র ও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিক এবং রাজ্য পুলিশের পদস্থ আধিকারিকগণ।

\*\*\*\*\*

**Arunuday Saha :**

এবছরের পদ্মশ্রী পুরস্কার প্রাপকদের তালিকায় স্থান পেয়েছেন রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদ তথা ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য এবং কথাসাহিত্যিক অধ্যাপক অরুণোদয় সাহা। গতকাল তাঁর বাড়িতে গিয়ে শুভেচ্ছা জানান মন্ত্রী রতন লাল নাথ, সাংবাদিক অরুণ নাথ, প্রণব সরকার প্রমুখ।

\*\*\*\*\*

**ব্লাইন্ড কমিটি:**

অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। গতকাল সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন ব্রজহরি দেবনাথ। উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজ সেবী হীরালাল সাহা সহ আরো অনেকে।

\*\*\*\*\*

**Unified Pension Scheme:**

কেন্দ্র আনুষ্ঠানিকভাবে ইউনিফাইড পেনশন স্কিম, ইউপিএস বাস্তবায়নের জন্য বিজ্ঞপ্তি দিয়েছে। কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য জাতীয় পেনশন ব্যবস্থার অধীনে একটি বিকল্প হিসাবে সরকার গত বছরের আগস্টে ইউনিফাইড পেনশন স্কিম চালু করেছিল। এই বছরের ১লা এপ্রিল থেকে এই স্কিম কার্যকর হবে। ২৫ জানুয়ারী ২০২৫ জারি করা বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে যেসব কর্মচারী জাতীয় পেনশন সিস্টেমের অধীনে এই বিকল্পটি বেছে নিয়েছেন, তাদের ক্ষেত্রে UPS কার্যকর হবে।

\*\*\*\*\*

#### **Ranji Trophy:**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরা ও সার্ভিসেসের লড়াই ড্র হয়েছে। এম বি বি স্টেডিয়ামে গতকাল আকাশ সাধারণত আকাশ চতুর্থ তথা শেষ দিনে ২ উইকেটে ১৪০ রান থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে রাজ্যদল ৫ উইকেটে ৩৫৭ রানে সমাপ্তির ঘোষণা দেয়। ২৫৭ রানে পিছিয়ে থেকে সফরকারী সার্ভিসেস দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১০১ রান করে। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসের ২১২ রান জবাবে সার্ভিসেস প্রথম ইনিংসে ২৯৪ রান করেছিল।

\*\*\*\*\*

#### **আবহাওয়া :**

আবহাওয়ার দপ্তর থেকে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। আজ সকালে কুয়াশা পরেছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ থাকতে পারে ২৫ ডিগ্রী সেলসিয়াস। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*